সংবাদ

তারিখ ...22.DEC.2016...
পৃষ্ঠা ...১... কলাম ...১৩...

# প্রতিবন্ধী শিক্ষার্থীদের আবাসনে ৬১ কোটি টাকার প্রকল্প নিচ্ছে সরকার

**নিজস্ব বার্তা পরিবেশক**

প্রতিবন্ধী শিশুদের বিশেষভাবে শিক্ষার আওতায় আনতে সাড়ে ৬০ কোটি টাকা ব্যয়ে নতুন একটি প্রকল্প হাতে নিয়েছে সরকার। এর মাধ্যমে দৃষ্টি প্রতিবন্ধী বালক-বালিকা শিশুদের জন্য ১১ জেলায় হোস্টেল নির্মাণ এবং ২০ জেলায় বিদ্যালয় সম্প্রসারণ করা হবে। এই প্রকল্পটি বর্তমানে একনেকে অনুমোদনের অপেক্ষাধীন রয়েছে বলে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন। সংবিধান অনুযায়ী প্রতিবন্ধী শিশুদের শিক্ষার অধিকার সমুন্নত রাখতে দীর্ঘদিন ধরে সরকার কাজ করে যাচ্ছে। এর ধারাবাহিকতায় এই প্রকল্প গ্রহণ করা হয়েছে।

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ৬৪ জেলায় সবগুলো হোস্টেল ভবনই তৈরি করা হয়েছে বালকদের জন্য। কিন্তু বালিকা প্রতিবন্ধীদের জন্য আলাদা কোথাও হোস্টেল নেই। এই বিষয়টি বিবেচনা করে 'দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ এবং সম্প্রসারণ' নামে নতুন একটি প্রকল্প অনুমোদনে একনেকে পাঠানো হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এ প্রকল্পটি বাস্তবায়ন করা হবে, যার ব্যয় ধরা হয়েছে ৬০ কোটি ৬৫ লাখ ৯১ হাজার টাকা। এই প্রকল্পের অধীনে খুলনা সিলেট, দিনাজপুর, কিশোরগঞ্জ, কুমিল্লা ও ফরিদপুর জেলায় সরকারি ৬টি বালিকা হোস্টেল নির্মাণ করা হবে। অন্যদিকে ময়মনসিংহ, জামালপুর প্রতিবন্ধী : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## প্রতিবন্ধী : শিক্ষার্থীদের

(১ম পৃষ্ঠার পর)

ব্রাহ্মণবাড়িয়া (সদর) সিরাজগঞ্জ ও মাগুড়া জেলায় পাঁচটি বালক আবাসিক হোস্টেল নির্মাণ এবং বিদ্যমান ২০টি একতলা ভবনের অফিস, ক্লাসরুম ও আবাসিক হোস্টেলের সংস্কারণ কাজ করা হবে।

জানা গেছে, প্রস্তাবিত নতুন প্রকল্পের বাস্তবায়ন ধরা হয়েছে ২০১৬ সালের জুলাই থেকে শুরু হয়ে ২০১৯ সাল্লের জুন নাগাদ। কিন্তু এখনও প্রকল্পটি একনেকে অনুমোদন পায়নি। তবে আগামী একনেক সভায় এটি অনুমোদনের কথা রয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

এ ব্যাপারে পরিকল্পনা কমিশনের একজন সদস্য বলেন, প্রতিবন্ধী কল্যাণ আইন ২০০১ অনুযায়ী দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের সমন্বিত শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণ, তাদের মানসিক বিকাশ ঘটিয়ে সমাজের মূলধারায় আনা ও তাদের বিনোদনমূলক এবং পাঠ্যক্রমসহ বিভিন্ন বিষয় নিশ্চিত করতে বিভিন্ন প্রকল্পের অনুমোদন দেয়া হয়েছে। এটিও তার অন্তর্ভুক্ত। ওই কর্মকর্তা আরও জানান, প্রস্তাবিত প্রকল্পটি অনুমোদন পেলে ২০১৭ জানুয়ারি থেকে এর বাস্তবায়ব কাজ শুরু করা যেতে পারে। পাশাপাশি দৃষ্টি প্রতিবন্ধী বালকদের পাশাপাশি বালিকা শিশুদের শিক্ষা প্রদান এবং মানসিক বিকাশ ঘটিয়ে তাদের সমাজের মূল স্রোতে সংযুক্তকরণের সুযোগ সৃষ্টি হবে।

সমাজসেবা অধিদফতরের জরিপ অনুযায়ী, দেশে মোট দুই লাখ পাঁচ হাজার ৮৫৪ জন দৃষ্টি প্রতিবন্ধী শিশু রয়েছে। তাদের শিক্ষার সুযোগ তৈরিতে দেশের ২৭ জেলায় তৈরি করা হয়েছে আবাসিক সুবিধা সংবলিত ২৭টি শিক্ষা প্রতিষ্ঠান। বাকি ৩৭ জেলায় প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ কাজ চলছে। এ প্রকল্পের কাজ চলতি ডিসেম্বরের মধ্যে শেষ হওয়ার কথা রয়েছে।